

কারিগরিতে পাস ও জিপিএ-৫ বেড়েছে

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৬ মে ২০১৯, ১৫:২৮

আপডেট: ০৬ মে ২০১৯, ১৫:৫১



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় এবার পাসের হার ও জিপিএ-৫ দুটোই বেড়েছে। তবে পাসের হার মাত্র শূন্য দশমিক ২৮ শতাংশ বেড়েছে। এই পরীক্ষায় এবার পাসের হার ৭২ দশমিক ২৪ শতাংশ। গতবার ছিল ৭১ দশমিক ৯৬ শতাংশ।

আজ সোমবার এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফল প্রকাশ করা হয়। রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এই ফল প্রকাশ করেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

এবার এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় মোট ১ লাখ ২৬ হাজার ৩৮৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ৯১ হাজার ২৯৮ জন। জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৭৫১ জন, যা অংশগ্রহণকারী মোট পরীক্ষার্থীর ৩ দশমিক ৭৬ শতাংশ। পরীক্ষার ফলাফলে জিপিএ-৫ হলো সর্বোচ্চ সূচক। গতবার জিপিএ-৫ পেয়েছিল ৪ হাজার ৪১৩ জন।

ফলাফল প্রকাশ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের জ্যেষ্ঠ সচিব সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর প্রমুখ।